

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩, মতিঝিল বা/এ (চম ভলা)
ঢাকা-১০০০

নং-শিপিং-১৭৩/সুপারিনিউমারারী/চ-৭/অংশ-২/ ১১০০

তারিখ : ২৬/৭/২০০৭

জাহাজী কর্মকর্তাদের পরিবার সুপারিনিউমারারী হিসাবে সেইল করার নিমিত্ত
সিডিসি প্রদানের গাইড লাইন

বর্তমানে জাহাজী কর্মকর্তাদের পরিবার সঙ্গে নিয়ে যাওয়ার জন্য অধিকাংশ দেশেই তাঁদের স্ত্রী ও সন্তানদের সাথে সিডিসি থাকা আবশ্যিকতা দেখা দিয়েছে। জাহাজী কর্মকর্তাদের কল্যাণের স্বার্থে যারা পরিবার বহন করতে ইচ্ছুক এবং সংশ্লিষ্ট কোম্পানীর সম্মতি আছে, তাদের স্ত্রী ও সন্তানদের অনুকূলে সিডিসি জারী করার প্রয়োজন।

২। বাংলাদেশী সীফেরারগণ বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রেখে চলেছেন। এ ধারা অব্যাহত রাখার নিমিত্ত জাহাজের চাকুরীতে সীফেরারদের আরো আগ্রহী করার উদ্দেশ্যে স্ত্রী ও সন্তানদের তাঁদের সঙ্গে রাখার সুবিধার্থে তাঁদের অনুকূলে সিডিসি প্রদান পদ্ধতি সহজতর করার লক্ষ্যে সুপারিনিউমারারী হিসাবে সিডিসি জারীর জন্য নিম্নরূপ গাইড লাইন প্রদান করা হলো।

৩। আবেদনকারী নিম্নবর্ণিত তথ্য ও ডকুমেন্টসহ শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, চট্টগ্রামে আবেদন করবেন :

(ক) সিডিসি প্রদান :

- ১। আবেদনকারীর নাম ও বয়স;
- ২। স্বামীর নাম ও পদবী;
- ৩। স্বামীর সম্মতি পত্র (কপি সংযুক্ত);
- ৪। আবেদনকারীর পাসপোর্ট নং, ইস্যুর স্থান ও তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ (সত্যায়িত কপি সংযুক্ত);
- ৫। স্বামীর সিডিসি ও সার্টিফিকেট অব কম্পিটেন্সীর নং ও ইস্যুর তারিখ (সত্যায়িত অনুলিপি সংযুক্ত);
- ৬। সন্তানের নাম (ছেলে/মেয়ে) ও জন্ম তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৭। সন্তানের পাসপোর্ট নং, ইস্যুর স্থান ও তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ (সত্যায়িত অনুলিপি সংযুক্ত) (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৮। নিকাহনামার তারিখ ও স্থান (সত্যায়িত অনুলিপি সংযুক্ত);
- ৯। স্থানীয় ম্যানিং/শিপিং এজেন্ট এর নাম ও ঠিকানা এবং জাহাজে যোগদান সংক্রান্ত সম্মতিপত্র (সত্যায়িত অনুলিপি সংযুক্ত);
- ১০। যোগদানকারী জাহাজের নাম ও গ্র্যাগ, প্রিন্সিপ্যাল (জাহাজ মালিক) এর অনুমতিপত্র (সত্যায়িত অনুলিপি সংযুক্ত);
- ১১। ছবি (প্রত্যেকের ৩ কপি)।


(খ) সিডিসি'র মেয়াদ বৃদ্ধি :

- ১। মেয়াদ বৃদ্ধির আবেদনপত্র
- ২। ম্যানিং/শিপিং এজেন্টের অনুমতিপত্র (সত্যায়িত অনুলিপি সংযুক্ত)
- ৩। প্রিন্সিপ্যাল (জাহাজ মালিক) এর সম্মতিপত্র (সত্যায়িত অনুলিপি সংযুক্ত)
- ৪। স্বামীর সম্মতিপত্র (সত্যায়িত অনুলিপি সংযুক্ত)
- ৫। স্বামীর সিডিসি'র সত্যায়িত কপি
- ৬। পূর্বে জারীকৃত সুপারিনিউমারারী সিডিসির সত্যায়িত কপি।

৪। সুপারিনিউমারারী সিডিসি'র মেয়াদ : সিডিসি-তে **valid for one year or till reaching Bangladesh if the ship is away within this time** - উল্লেখ করতে হবে।

৫। উল্লেখিত তথ্য এবং ডকুমেন্ট পরীক্ষা করে সন্তোষজনক প্রতীয়মান হলে সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে সর্বোচ্চ ৪৮ ঘণ্টার মধ্যে শিপিং মাস্টার সিডিসি জারী বা মেয়াদ বৃদ্ধি অনুমোদন করবেন ও উপ-শিপিং মাস্টার অনুমোদিত সিডিসি জারী/মেয়াদ বৃদ্ধি করবেন। জারী করা না গেলে লিখিত কারণসহ অবহিত করবেন।

৬। প্রতি তিন মাস অন্তর সুপারিনিউমারারী সিডিসি প্রদান সম্পর্কিত প্রতিবেদন সমুদ্র পরিবহন অধিদপ্তরে প্রেরণ করবেন।


(ক্যাপ্টেন এ.কে.এম. শফিকউল্লাহ)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)